

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
পরিকল্পনা-৪ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৪২.১৮.২৬৬

তারিখ: ১২ পৌষ ১৪২৮

২৭ ডিসেম্বর ২০২১

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)”  
শীর্ষক অনুমোদিত প্রকল্প (কোড নং- ২২৪১৪৪৮০০) বাস্তবায়নের জন্য অর্থ ছাড়।

এ বিভাগ কর্তৃক ২৭ ডিসেম্বর ২০২১ তারিখে ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৪২.১৮.২৬৬ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা অংশের বরাদ্দ হতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ ডি.পি.পি. অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) (কোড নং- ২২৪১৪৪৮০০)	অনুমোদিত	১ম কিস্তি	৭.৫০ লক্ষ	৪৯৯২.৫০ লক্ষ	৫০০০.০০ লক্ষ

২। এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২২, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (কোড নং-১২৫০১) আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্প (কোড নং-২২৪১৪৪৮০০) হতে বহন করা হবে;

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত);


৪। এ বরাদ্দের অধীনে ব্যয় সর্বশেষ অনুমোদিত ডি.পি.পি.’র প্রাক্কলিত ব্যয় বিভাজন অনুসারে করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না;

৫। অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৭। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এ অর্থ উঠাতে পারবেন। ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৮। অর্থ বিভাগের ২০ জুন ২০১৮ তারিখের অফিস স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ এর প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।



২৭-১২-২০ ১১

মোহাম্মদ রফিকুল ইসলাম  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৪২.১৮.২৬৬/১(৭)

তারিখ: ১২ পৌষ ১৪২৮  
২৭ ডিসেম্বর ২০১১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) উপসচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) প্রকল্প পরিচালক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৭-১২-২০ ১১

মোহাম্মদ রফিকুল ইসলাম  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)